নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৫৯৩

তারিখঃ ০৭ পৌষ ১৪২৭ / ২২ ডিসেম্বর ২০২০

# পরিপত্র-১১

**বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচিতদের বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সারা দেশে ৩২৯টি পৌরসভার মধ্যে মাননীয় নির্বাচন কমিশন প্রথম ধাপে ২৫টি পৌরসভায় ২৮ডিসেম্বর ২০২০ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ২২ নভেম্বর ২০২০ তারিখে ও দ্বিতীয় ধাপে ৬১টি পৌরসভায় ১৬ জানুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ০২ ডিসেম্বর ২০২০ তারিখে এবং তৃতীয় ধাপে ৬৪ টি পৌরসভায় ৩০ জানুয়ারী ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ১৪ই ডিসেম্বর ২০২০ তারিখে সময়সূচি ঘোষণা করেছেন। অবশিষ্ট পৌরসভা নির্বাচনের সময়সূচি পর্যায়ক্রমে একাধিক ধাপে ঘোষণা করা হবে। পৌরসভা নির্বাচনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে বেসরকারী প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহের জন্য নির্বাচন কমিশনের নিম্নলিখিত নির্দেশনা জানানো হলো:

০২। **বেসরকারী ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র স্থাপনঃ** ভোটগ্রহণের দিন প্রার্থীদের বেসরকারি ফলাফল ও অন্যান্য তথ্যাবলী নির্বাচন কমিশন সচিবালয় সংগ্রহ করবে। এই ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি **''কেন্দ্রীয় তথ্য/ফলাফল সংগ্রহ কেন্দ্র''** স্থাপন করা হবে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়েও একটি **''তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র''** থাকবে। রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **''তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র''** হতে সর্বশেষ নির্বাচনি বেসরকারী প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী না পাওয়া পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়ের **''কেন্দ্রীয় তথ্য/ ফলাফল সংগ্রহ কেন্দ্র''** বিরতিহীনভাবে খোলা থাকবে। রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার ভোটকেন্দ্র হতে প্রাপ্ত ফলাফল অনুসারে বিধি মোতাবেক স্থানীয়ভাবে ফলাফল তৈরি ও ঘোষণা করবেন। নির্বাচন কমিশন সচিবালয় কোন ফলাফল পরিবেশন করবে না। রিটার্নিং অফিসার ফলাফল স্থানীয়ভাবে প্রকাশের পর তা নির্বাচন কমিশন সচিবালয়ে নির্ধারিত ইন্টারনাল একাউন্ট বা ফ্যাক্স এবং RMS software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। স্থানীয়ভাবে ঘোষণার পর প্রত্যেক প্রার্থীর বিপরীতে প্রাপ্ত ভোট উল্লেখ করে (পরিশিষ্ট-'ক' অনুসারে) নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। নির্বাচন কমিশন সচিবালয় মেয়র পদে কেন্দ্রভিত্তিক ফলাফল বা ক্রমপুঞ্জীভুত ফলাফল সংগ্রহ করবে। সংরক্ষিত আসনের কাউন্সিলর বা সাধারণ আসনের কাউন্সিলর পদে কেন্দ্রভিত্তিক কোন ফলাফল বা ক্রমপুঞ্জীভূত ফলাফল সংগ্রহ করা হবে না। নির্বাচন কমিশন সচিবালয় সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে শুধুমাত্র চূড়ান্ত নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রাপ্ত ভোট সংগ্রহ করবে। নির্বাচনের ফলাফল প্রেরণের সময় অত্যন্ত সতর্ক দৃষ্টি রাখতে হবে যাতে কোন অবস্থাতেই ভুল তথ্য পরিবেশিত না হয়।

০৩। **রিটার্নিং অফিসারের ফলাফল একীভূতকরণ কক্ষে অননুমোদিত ব্যক্তিগণের প্রবেশ নিষিদ্ধঃ** রিটার্নিং অফিসারের তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে ফলাফল একীভূতকরণের পূর্বেই রিটার্নিং অফিসারের কার্যালয়ের চতুর্পাশে এবং প্রবেশ পথে যেইক্ষেত্রে বর্ডার গার্ড অব বাংলাদেশ (বিজিবি) বা কোস্ট গার্ড নিয়োগ করা হয়েছে সেইক্ষেত্রে বর্ডার গার্ড অব বাংলাদেশ (বিজিবি) বা কোস্ট গার্ড এবং যেইক্ষেত্রে বিজিবি নিয়োগ করা হয় নাই সেইক্ষেত্রে পুলিশ, র‍্যাব, আর্মড ব্যাটালিয়ন দ্বারা ঘেরাও করে রাখার জন্য নির্দেশনা প্রদান করবেন। রিটার্নিং অফিসারের তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে অনুমোদিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাউকেও প্রবেশ করতে দেয়া যাবে না।

০৪। **রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক ভোটগণনার বিবরণী অর্থাৎ ফলাফল টাংগাইয়া প্রদর্শনঃ** প্রিজাইডিং অফিসারের নিকট হতে ভোটগণনার বিবরণী অর্থাৎ ফলাফল প্রাপ্তির পর রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার উপস্থিত প্রার্থী অথবা এজেন্টদের সম্মুখে সেই ভোটকেন্দ্রের ফলাফল পড়ে শোনাবেন এবং সম্ভব হলে এক প্রস্থ (মাষ্টার কপি ছাড়া) ভোটগণনার বিবরণী তাঁর কার্যালয়ের প্রদশনী বোর্ডে অথবা দেয়ালে টাঙ্গিয়ে জারি করবেন।

০৫। **নির্বাচন কমিশন সচিবালয়ে বেসরকারী প্রাথমিক ফলাফল সংগ্রহঃ** রিটার্নিং অফিসার ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসারের নিকট হতে প্রাপ্ত বেসরকারি প্রাথমিক নির্বাচনি ফলাফল একীভূত করে নির্বাচন কমিশন সচিবালয়ে টেলিফোন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাকে ই-মেইল বা ফ্যাক্সের মাধ্যমে জানাবেন। এখানে বিশেষভাবে প্রণিধানযোগ্য যে, মেয়র পদের বেসরকারী প্রাথমিক ফলাফল

টেলিফোন/ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের সংযোজিত ‘ক’ ছকের বিবরণী অনুসারে জানাতে হবে। মেয়র পদের সর্বশেষ ফলাফল পরিবেশনের পর সংযোজিত ‘খ’ ছকের মাধ্যমে সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে বেসরকারীভাবে নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে ই-মেইল বা ফ্যাক্সযোগে প্রেরণ করতে হবে। সংরক্ষিত ও সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীদের মধ্যে কেবলমাত্র বেসরকারীভাবে নির্বাচিত এবং নিকটতম প্রতিদ্বন্দ্বীর ফলাফলই **‘‘সংযোজনী-খ ও গ’’** এর মাধ্যমে ই-মেইল বা ফ্যাক্সযোগে প্রেরণ করতে হবে যা নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক প্রদর্শন করা হবে। নির্বাচন কমিশন সচিবালয়ের যে টেলিফোন নম্বরে উল্লিখিত ফলাফল সংগ্রহ করা হবে তা ছক-‘ক’ রূপে এতদসংগে সংযুক্ত করা হলো। ই-মেইল নম্বর বা ফ্যাক্স নম্বর তথ্য সংগ্রহকারী কর্মকর্তার নিকট হতে জেনে সেই নম্বরে প্রেরণ করতে হবে।

০৬। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

২২/১২/২০২০

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

বিতরণ: ............................................অফিসার
ও
রিটার্নিং অফিসার,.................................পৌরসভা সাধারণ নির্বাচন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৫৯৩

তারিখঃ ০৭ পৌষ ১৪২৭ / ২২ ডিসেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, ................................................. (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, .................................. (সংশ্লিষ্ট) বিভাগ
১০. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৫. জেলা প্রশাসক, ..............................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .............................. (সংশ্লিষ্ট) অঞ্চল
১৭. পুলিশ সুপার, .................................................(সংশ্লিষ্ট)
১৮. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৯. উপজেলা নির্বাহী অফিসার, ..................................(সংশ্লিষ্ট)

২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)

২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৪. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ................................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৫. অফিসার-ইন-চার্জ, ....................................................(সংশ্লিষ্ট) থানা।

22/12/2020


( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫২৫
Email: sasemc1@gmail.com

পরিশিষ্ট-'ক'

পৌরসভা নির্বাচন

# মেয়র পদে বেসরকারী প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং-**

পৌরসভার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী মেয়র প্রার্থীর নাম (বাংলা ভাষার বর্ণানুক্রমে) | রাজনৈতিক দলের নাম/স্বতন্ত্র | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| **মোট** | | | | | |

| | | |
|---|---|---|
| মোট বৈধ ভোটের সংখ্যাঃ | | |
| অবৈধ (বাতিলকৃত) ভোটের সংখ্যাঃ | | |
| সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যাঃ | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

পরিশিষ্ট-'খ'

পৌরসভা নির্বাচন

# সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং- চূড়ান্ত**

পৌরসভার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | ১ম ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসেবে সংরক্ষিত আসনের কাউন্সিলর প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

পরিশিষ্ট-'গ'

পৌরসভা নির্বাচন

# সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে বেসরকারী প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

বার্তা নং- চূড়ান্ত

পৌরসভার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | ১ম ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসেবে সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

ছক-‘ক’

### যে সকল টেলিফোনের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাগণ কর্তৃক রিটার্নিং অফিসারের নিকট হতে পৌরসভা নির্বাচন উপলক্ষে বেসরকারী ফলাফল সম্পর্কিত তথ্যাবলী সংগ্রহ করা হবে তার তালিকা

| ক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | পদবী ও শাখার নাম | দায়িত্বপ্রাপ্ত অঞ্চলের নাম | **ব্যবহৃত** internal account |
|---|---|---|---|---|
| ০১ | মুহাম্মদ আমিনুর রহমান মিঞা | সিনিয়র সহকারী সচিব , সংস্থাপন-১ শাখা | ঢাকা | sas_estbl1 |
| ০২ | মোহাম্মদ নাজিম উদ্দিন | সিনিয়র সহকারী সচিব , বাজেট ও ব্যয় নিয়ন্ত্রন | ময়মনসিংহ | sas_bf |
| ০৩ | মোহাম্মদ জসিম উদ্দিন | সিনিয়র সহকারী প্রধান , গবেষণা ও প্রকাশনা | ফরিদপুর | as_rp |
| ০৪ | মোহাম্মদ মাসুদুল হক | সিনিয়র সহকারী সচিব , প্রশিক্ষণ ও সক্ষমতা | রাজশাহী | sas_tcd |
| ০৫ | মোহাম্মদ নুরুল হাসান ভূঞা | সিনিয়র সহকারী সচিব , শৃঙ্খলা শাখা | কুমিল্লা | sas_dis |
| ০৬ | মোঃ শামসুল হক ফৌজদার | সহকারী সচিব , সাধারন সেবা-৩ | রংপুর | sas_cs3 |
| ০৭ | মোঃ রিয়াজ উদ্দিন | সহকারী সচিব , সাধারন সেবা-১ | চট্টগ্রাম | sas_cs1 |
| ০৮ | মো: মোশাররফ হোসেন | সহকারী সচিব , নির্বাচন সহায়তা-২ | বরিশাল | sas_es2 |
| ০৯ | নুর নাহার ইসলাম | সহকারী সচিব , জনবল ব্যবস্থাপনা-২ | সিলেট | sas_pm2 |
| ১০ | নাছিমা আক্তার | লাইব্রেরিয়ান , লাইব্রেরী ও ডকুমেন্টেশন | খুলনা | lb_lbd |
| ১১ | মোঃ মিজানুর রহমান | উপসচিব (চলতি দায়িত্ব), নির্বাচন প্রশাসন | সমন্বয়ক | sas_ea |